বসন্ত তার গান লিখে যায় ধূলির 'পরে
কী আদরে ॥
তাই সে ধুলা ওঠে হেসে বারে বারে নবীন বেশে,
বারে বারে রূপের সাজি আপনি ভরে
কী আদরে ॥
তেমনি পরশ লেগেছে মোর হৃদয়তলে,
সে যে তাই ধন্য হল মন্ত্রবলে ।
তাই প্রাণে কোন্ মায়া জাগে,
বারে বারে পুলক লাগে,
বারে বারে গানের মুকুল আপনি ধরে
কী আদরে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail